



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

## প্রেস বিজ্ঞপ্তি

### শিক্ষা ব্যবস্থা স্বয়ংক্রিয়করণের (Automation) লক্ষ্যে ৮ সদস্য বিশিষ্ট কমিটি গঠন ॥ ৩ কার্য দিবসের মধ্যে কর্মপরিকল্পনা তৈরির নির্দেশ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২১ জানুয়ারি ২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসানের সভাপতিত্বে গতকাল সন্ধ্যায় অনুষ্ঠিত প্রশাসনিক সভায় শিক্ষার্থীদের দুর্ভোগ কমাতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা স্বয়ংক্রিয়করণের (Automation) মাধ্যমে আধুনিকীকরণ ও যুগোপযোগী করার লক্ষ্যে ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. ছালেহ আহাম্মদ খান-কে সভাপতি এবং ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) সৈয়দ মোহাম্মদ আলী রেজা-কে সচিব করে ৮ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির অপর সদস্যগণ হলেন উপ-উপাচার্য (শিক্ষা) ও পরিচালক, আইসিটি সেল (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান, সিএসই বিভাগের অধ্যাপক ড. আবু সাঈদ মো. মোস্তাফিজুর রহমান, অধ্যাপক ড. মো. মুশফিক আনোয়ার, আইআইটির অধ্যাপক মো. ফজলুল করিম পাটোয়ারী, অধ্যাপক ড. শামীম আল মামুন এবং সিএসই বিভাগের সহকারী অধ্যাপক মো. রাফাসন জানি।

উক্ত কমিটিকে পরবর্তী ৩ কার্য দিবসের মধ্যে একটি বাস্তবমুখী, টেকসই ও গতিশীল কর্মপরিকল্পনা (Roadmap) তৈরি করার নির্দেশনা দেয়া হয়েছে।

সভায় শিক্ষা ব্যবস্থার স্বয়ংক্রিয়করণের (Automation) প্রয়োজনীয়তা তুলে ধরা ও তার যৌক্তিক দাবি তোলায় বিশ্ববিদ্যালয়ের বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সংগঠকগণসহ অভিন্ন দাবিতে আন্দোলনরত সকল শিক্ষার্থীকে ধন্যবাদ জানানো হয়।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)